[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মামলা

মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডের নিমতলায়আর এ পরিবহন কাউন্টারে অভিযান চালিয়ে ৫ কার্টুন ভেজাল বোতলজাত মবিলসহ হেলাল উদ্দিন(৩২) নামের এক যুবককে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। আটক হেলাল উদ্দিনের বাড়ি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে।

১৯ আগস্ট দিবাগত রবিবার রাত নয়টার দিকে গোপন সংবাদ পেয়ে ডিবি’র ওসি সাইফুল আলমের নেতৃত্বে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ডের নিমতলায় খুলনা থেকে মেহেরপুর রুটে চলাচলকারী আর এ পরিবহনের কাউন্টারে অভিজান চালিয়ে (৫ টিকার্টুন) ১৭৯ বোতল ভেজাল মবিল উদ্ধার করেন।

পরে পণ্যের গুণগতমান পরীক্ষা-নিরীক্ষা করে ভেজাল নিশ্চিতহওয়ার পর আজ রবিবার (২০ আগস্ট) তাকে গ্রেফতার দেখিয়ে একটি মামলা দায়ের করা হয়।

মেহেরপুর গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ সাইফুলআলম বলেন, ‘ভেজাল মবিল পরিবহন, সংরক্ষণ ও বাজারজাতকরণের অপরাধে হেলাল উদ্দিনের বিরুদ্ধেঅত্যাবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনের ৬ ধারাতে একটি মামলা দায়ের করে আদালতে প্রেরণ করাহয়েছে। হেলাল উদ্দিনের সাথে যদি আর কেউ জড়িত থাকে তবেতাদেরকেও আইনের আওতায় আনা হবে।’

মেহেরপুরে বিসিক ম্যানেজারের মরদেহ উদ্ধার

মেহেরপুরে বিসিকের উপব্যবস্থাপক শামসুজ্জামান মিঠুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

আজ রবিবার (২০ আগস্ট) সকাল ৮ টার সময় বিসিক কার্যালয়ের পাশের একটি আম গাছ থেকে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হয়।

শামসুজ্জামান মিঠু ঝিনাইদহ জেলার বাসিন্দা।

মেহেরপুর বিসিকের সম্প্রসারণ কর্মকর্তা ফয়সাল হাসনাত বলেন, কি কারণে দুর্ঘটনা এখন পর্যন্ত কিছুই বুঝতে পারছি না।

মেহেরপুর সদর থানার এসআই সঞ্জিব কুমার জানান, বিসিক কর্মকতার্র মরদেহ একটি রশিবাধা অবস্থায় বিসিক ক্ষুদ্র শিল্প এলাকার একটি আম গাছে ঝুলছে এমন সংবাদের ভিত্তিতে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে এটি হত্যা না আত্মহত্যা ময়না তদন্ত শেষে জানা যাবে।

মুজিবনগরে অবৈধভাবে ভারতে যাওয়ার প্রস্ততিকালে যুবক আটক

মুজিবনগর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার সময় রফিকুল ইসলাম (৩২) নামের এক যুবককে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)।

আটক রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ফেরদৌস আলী ওরফে মেন্তার ছেলে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার দিকে আনন্দবাস গ্রামের গরিসূতা মাঠের আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০০/৬ এস এর নিকট ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তর থেকে তাকে ধাওয়া দিয়ে আটক করা হয়।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র ডি কোম্পানীর আনন্দবাস সীমান্ত ফাঁড়ির নায়েক মো: সাইফুজ্জামের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে আটক করেন।

পাসপোর্ট আদেশ ১৯৭৩ এর ১১(১)(গ) ধারায় অপরাধ করায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে বিজিবি বাদী হয়ে মুজিবনগর থানায় পাসপোর্ট আইনে একটি মামলা দায়ের করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সম্পাদক এমএএস ইমন সরকারের উন্নয়ন তুলে ধরতে বুড়িপোতা ইউনিয়নের কয়েকটি গ্রামে সংক্ষিপ্ত পথসভা ও ব্যাপক গণসংযোগ চালিয়েছেন।

এসময় তার সাথে ছিলেন, মেহেরপুর পৌর আওয়ামীলীগের নেতা বেলাল হোসেন, ফরদি হোসেন, আমঝুপি ইউপি সদস্য ছানাউল্লাহ ছানা, বুড়িপোতা ইউপি সদস্য ওসায়েদ হোসেন, ছাত্রলীগ নেতা ইব্রাহিম হোসেনসহ অন্যান্যরা।

গতকাল শুক্রবার সন্ধ্যা থেকে রাত ১০ টা পর্যন্ত বুড়িপোতা ইউনিয়নের বুড়িপোতা, শালিকা ও গুচ্ছগ্রামে ব্যাপক গণসংযোগ চালান। এসময় নৌকার পক্ষে পথে পথে ভোট চান তিনি।

এসময় তিনি বিভিন্ন স্থানে পথসভায় সংক্ষিপ্ত আকারে বক্তব্য রাখেন। পথ সভায় এমএএস ইমন বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনটি ইতিহাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ নির্বাচন। বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত থাকবে নাকি জঙ্গিবাদদের হাতে যাবে সেটি নির্ধারণ হবে এই নির্বাচনে। এই নির্বাচন সকলের জন্য একটি পরীক্ষা। মাটি ও পতাকাকে ভালোবাসলে নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে পূনরায় ক্ষমতায় আনতে হবে।

মেহেরপুরে জেলা বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত

বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মুক্তি ও উন্নত চিকিৎসার দাবিতে মেহেরপুরে জেলা বিএনপির আয়োজনে পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই পদযাত্রা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর শহরের পুরাতন ঈদগাহ ময়দানের কাছ থেকে শুরু করে শহরের

প্রধান প্রধান সড়ক পদক্ষেণ শেষে ছহিউদ্দিন ডিগ্রী কলেজের কাছে গিয়ে শেষ হয়।

পদযাত্রায় অন্যদের মধ্যে জেলা জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক জুলফিকার আলী ভূট্টো, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক বদর উদ্দীন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, গাংনী পৌর বিএনপির সভাপতি ও সাবেক গাংনী উপজেলা চেয়ারম্যান মোরাদ হোসেন, গাংনী উপজেলা বিএনপির সাবেক আহবায়ক মো: আব্দুল্লাহ, জেলা যুবদলের সভাপতি জাহিদুর রহমান, মেহেরপুর জেলা কৃষকদলের সভাপতি মাহাবুবুর রহমান মাহবুব, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন, সাবেক ছাত্রনেতা আবু হাসনাত আফরোজ, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাসসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭

মেহেরপুর পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে চুরির মামলার ৩ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৩ আসামি রয়েছে। সংশ্লিষ্ট থানা সূত্র নিশ্চিত করেছেন।

শুক্রবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে সদর, গাংনী ও মুজিবনগর থানার পৃথক টিম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

আজ শনিবার (১৯ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর চার বারের সাবেক ইউপি সদস্য আমানুল্লাহ মারা গেছেন

গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডে চারবারের নির্বাচিত সাবেক ইউপি সদস্য ও গ্রাম আওয়ামীলীগের সাবেক সভাপতি মো: আমানুল্লাহ (৫০) হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন । (ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।

গতকাল শুক্রবার দিবাগত (১৮ আগস্ট) রাত ৯ টার দিকে নিজ বাড়িতে হৃদরোগে ক্রিয়া বন্ধ হয়ে মারা যান আওয়ামীলীগের এই নেতা। মো: আমানুল্লাহ তেঁতুলবাড়িয়া গ্রামের মৃত রুহুল আমীন বিশ্বাসের ছেলে।

জানা গেছে,আমানুল্লাহ শুক্রবার রাতে বুকে ব্যথা অনুভব করলে পরিবারের লোকজন তাকে হাসপাতালে নেয়ার সময় মারা যান তিনি।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার সময় তেঁতুলবাড়িয়া কেন্দ্রীয় কবরস্থানে জানাযা শেষে দাফন করা হয়।

তার জানাযাতে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মো: মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়াসহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ

উপস্থিত ছিলেন।

মো: আমানুল্লাহর স্ত্রী,২ ছেলে ও ১ মেয়ে, রাজনৈতিক সহচার্যসহ অসংখ্য গুনগ্রাহী রয়েছে।

গাংনীর সাহারবাটি ইউপি মেম্বর রফিকুল মারা গেছেন

গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ২ নং ওয়ার্ডের (ভোমরদহ) গ্রামের সদস্য রফিকুল ইসলাম (৪৫) মারা গেছেন (ইন্নালিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।
রফিকুল সাহারবাটী ইউনিয়নের ভোমরদহ গ্রামের বিলপাড়ার মৃত মুছাব উদ্দীনের ছেলে।

বৃহস্পতিবার (১৭ আগস্ট) দিবাগত রাত সাড়ে ১১টার দিকে স্ট্রোকজনিত কারণে মারা যান তিনি। মৃত্যুকালে তিনি স্ত্রী,২ মেয়ে ও ১ ছেলেসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

পারিবারিক সূত্র জানায়, রফিকুল ইসলাম কয়েকদিন যাবত অসুস্থ ছিলেন। বৃহস্পতিবার রাতে নিজ বাড়িতে স্ট্রোক করেন। এসময় পরিবারের লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

শুক্রবার (১৮ আগস্ট) বাদ জুম্মা ভোমরদহ বিলপাড়া কবরস্থান নামাজে জানাজা শেষে ওই কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।